

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬১০

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ কোন ব্যক্তি মা'যূর হলে তার জন্য বৈধ আছে, সে সালাত আদায় করার জন্য বাড়িতে একটি জায়গা নির্ধারণ করবে

ذِكْنُ الْإِبَاحَةِ لِلْمَرْءِ إِذَا كَانَ مَعْذُورًا أَنْ يَتَّخِذَ الْمُصلِّى فِي بَيْتِهِ لِصلَوَاتِهِ

## আরবী

1610 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيدِ بْنِ سِنَانٍ قَالَ: حَدَّثَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ عَنْ مَالِكِ عَنِ الْبُنِ شِهَابٍ عَنْ مَحْمُودِ بْنِ الرَّبِيعِ الْأَنْصَارِيِّ: أَنَّ عِتْبَانَ بْنَ مَالِكِ كَانَ يَوْمُ قُوْمَهُ وَهُوَ ابْنِ شِهَابٍ عَنْ مَحْمُودِ بْنِ الرَّبِيعِ الْأَنْصَارِيِّ: أَنَّ عِتْبَانَ بْنَ مَالِكٍ كَانَ يَوْمُ قَوْمَهُ وَهُوَ أَعْمَى وَأَنَّهُ قَالَ لِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِنَّهَا تَكُونُ الظُّلْمَةُ وَالْمَطَرُ وَالسَّيْلُ وَالسَّيْلُ وَأَنَا رَجُلُ ضَرِيرُ الْبَصَرِ فَصَلِّ يَا رَسُولَ اللَّهِ فِي بَيْتِي مَكَانًا أَتَّخِذُهُ مُصَلَّى قَالَ: فَجَاءَهُ وَسُلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: (أَيْنَ تُحِبُّ أَنْ أُصلِي)؟ فَأَشَارَ لَهُ إِلَى الْمَكَانِ مِنَ الْبَيْتِ فَصَلَّى فِيهِ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّى فَيَالًى اللَّهُ عَلَيْهِ وَسَلَّى الْمَكَانِ مَنَ الْبَيْتِ فَصَلَلَى فِيهِ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّى الْمَكَانِ

الراوي : مَحْمُود بْن الرَّبِيعِ الْأَنْصَارِيِّ | المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1610 ا خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح سنن النسائي)) (760): خ (667).

## বাংলা

১৬১০. মাহমূদ বিন রাবী আল আনসারী রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, 'ইতবান বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু তার কওমের ইমামতি করতেন অথচ তিনি ছিলেন অন্ধ। তিনি একবার রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বললেন: "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, যখন বৃষ্টি হয়, তখন আমার ও তাদের মাঝের উপত্যকা প্লাবিত হয়ে যায়, রাত অন্ধকার হয়ে যায়, অথচ আমি অন্ধ মানুষ, কাজেই হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আপনি আমার বাড়িতে এসে একটা জায়গায় সালাত আদায় করবেন, যাতে আমি সেই জায়গা সালাতের জায়গা হিসেবে নির্ধারণ করে নিতে পারি।" রাবী বলেন, "অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তার বাড়িতে আসেন এবং তাকে বলেন, "আপনি আপনার বাড়ির কোথায় সালাত আদায় করা পছন্দ



করেন?" অতঃপর তিনি তার বাড়ির একটি জায়গার প্রতি ইঙ্গিত করেন। তারপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সেখানে সালাত আদায় করেন।" [1]

## ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ৪২৫; সহীহ মুসলিম: ৩৩, ২৬৪; তাবারানী, আল মু'জামুল কাবীর: ১৮/৫০; মুসনাদ আহমাদ: ৫/৪৫০; দারাকুতনী: ২/৮০; মুসান্নাফ আব্দুর রাযযাক: ১৯২৯; মুসনাদ আবু আওয়ানা: ১/১২; ইবনু মান্দাহ, আল ঈমান: ৫০; নাসাঈ: ২/১০৫; বাইহাকী, আস সুনান: ২/১৮১-১৮২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকু 'আলা ইবনু খুয়াইমা: ১৬৫৩-১৬৫৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🗆 বর্ণনাকারীঃ মাহমূদ ইবনুর-রাবী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন